# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 16 April, 2025

বাগেরহাটে এসএসসি পরীক্ষা কেন্দ্রের কক্ষে ব্যাগের মধ্যে বই, খাতা ও মুঠোফোন পাওয়ায় দায়িত্বে অবহেলার কারন ৯ শিক্ষককে বহিস্কার করা হয়েছে।মঙ্গলবার(১৫ এপ্রিল) ইংরেজি ১ম পত্রের পরীক্ষা চলাকালীন  মোরেলগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের ১০১, ১১০ ও ২১০ নং কক্ষে টেবিলের উপের ও নিচে ব্যাগ, বই, খাতা ও মোবাইল ফোন পাওয়া যায়।এর ফলে এদিন বিকেলে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব মো. শহিদুল ইসলাম স্বাক্ষরিত এক আদেশে ওই ৯ শিক্ষককে ২০২৫ ও ২০২৬ সালের জন্য পরীক্ষায় দায়িত্ব পালন থেকে অব্যাহতি প্রদান করা হয়।এ কেন্দ্রটিতে ১১টি বিদ্যালয়ের ৪৭৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছেন।

বহিষ্কৃত শিক্ষকরা হচ্ছেন, চিপা বারইখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো. মাসুম বিল্লাহ ও নিমাই চন্দ্র রায়।জিউধরা সেরজন স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক শাহানাজ আক্তার, তাপস কুমার মজুমদার, শহিদুল ইসলাম ও সোহেলী পারভিন।শহিদ শেখ রাসেল মুজিব উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক পলি দেবনাথ, নাসির উদ্দিন খান ও অম্বিকাচরণ লাহা পাইলট উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো. শফরুল ইসলাম।

এ বিষয়ে কেন্দ্র সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাবিবুল্লাহ বলেন, পাবলিক পরীক্ষা চলাকালীন সময়ে সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ৩টি কক্ষে বই ও মুঠোফোন পাওয়া গেছে।ওই কক্ষগুলোতে দায়িত্বে থাকা  ৯ শিক্ষককে ২ বছরের জন্য অব্যহতি প্রদান করা হয়েছে।

বাগেরহাট বহিস্কার বিদ্যালয় শিক্ষক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 06:30

URL: https://www.timestodaybd.com/public/khulna/231889871